যুগান্তর

তারিখ 12 JUN 2016
পৃষ্ঠা ৩/৮ কলাম ৪

# সাভারে স্কুলে তালা শিক্ষার্থীরা রাস্তায়

**স্টাফ রিপোর্টার**, *সাভার*

শনিবার সকালে সাভারের ব্যাংক কলোনি রাজালাখ ফার্ম এলাকায় সিটি ইন্টারন্যাশনাল স্কুলে অ্যান্ড কলেজ নামের একটি স্কুলে তালা ঝুলিয়ে দেয়া হয়। শিক্ষার্থী ও অভিভাবকরা কোনো নোটিশ ছাড়াই হঠাৎ করে স্কুলে তালা দেখে হতভম্ব হয়ে যান। কান্নায় ভেঙে পড়ে অনেক কোমলমতি শিক্ষার্থীরা। এ ঘটনায় কেজি থেকে দশম শ্রেণী পর্যন্ত ৫ শতাধিক শিক্ষার্থী ও শিক্ষকরা বিপাকে পড়েছেন। অনিশ্চিত হয়ে পড়েছে তাদের শিক্ষাজীবন। সাভার মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হলে পুলিশ শনিবার সকালে ঘটনা স্থল পরিদর্শন করলেও কার্যকর কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। স্কুলের ভবন নিয়ে ভবন মালিক ও স্কুল কর্তৃপক্ষের মধ্যে বিরোধের জের ধরেই এ ঘটনা ঘটেছে বলে জানা যায়। এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষে জানান, এ ব্যাপরে হাইকোর্টে একটি রিট দায়ের করা আছে। সেই রিটের বিরুদ্ধে ভবন মালিক চ্যালেঞ্জ করলে উচ্চ আদালত তাদের আবেদন খারিজ করে দেয়। ফলে ওই ভবনে স্কুল পরিচালনায় আইনত তাদের কোনো বাধা নেই। সিটি ইন্টারন্যাশনাল স্কুলের চেয়ারম্যান আসলাম উল্লাহ জানান, ২০১০ সালে সাভারের ব্যাংক কলোনি রাজালাখ ফার্মে একটি দোতলা ভবন ভাড়া নিয়ে স্কুলটি চালু করেন তিনি। স্কুল ভবনটি ২০১০ থেকে ২০১৫ সাল পর্যন্ত চুক্তিতে নেন তিনি। পরে ২০১৫ সাল শেষ হলে স্থানীয়ভাবে মীমাংসা হওয়ায় ৬০ লাখ টাকা অগ্রীম প্রদান করে মাসিক ৬০ হাজার টাকা ভাড়ায় আবারও ২০২৫ সাল পর্যন্ত ১০ বছরের জন্য ভবনটির চুক্তি নবায়ন করা হয়। চুক্তি থাকাবস্থায় গত মে মাসে স্কুল ভবনটির মালিক নুরুল আমিন শহীদ স্কুলের অধ্যক্ষ আসমা আহমেদকে জানান, ভবনটি ঝুঁকিপূর্ণ এখানে আর স্কুলের কার্যক্রম চালানো যাবে না।